গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ – ৩০ জুন, ২০১৯

সূচিপত্র

উপক্রমণিকা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১:রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২ :দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩:কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী১: শব্দসংক্ষেপ

সংযোজনী২: কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থা সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the DPHE)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন ও স্যানিটেশন সেবা প্রদান করে আসছে। বর্তমানে পল্লী এলাকায় প্রতি ৮৮ জনের জন্য একটি সরকারী নিরাপদ খাবার পানির উৎস রয়েছে এবং পানি সরবরাহ কভারেজ ৮৮.৬৬% এ উন্নীত হয়েছে। বিগত ৩(তিন) অর্থ বছরে গ্রাম, পৌর ও বস্তি এলাকায় ৭১১১৯ টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস, ৩৭ টি গ্রামে পাইপ লাইন সিস্টেম, ৫৫৫ টি উৎপাদক নলকূপ, ২২টি ও ১৪টি (আংশিক) পানি শোধনাগার, ৫টি উচ্চজলাধার ২১২৮ কিঃমিঃ বিভিন্ন ব্যসের পাইপ লাইন, ১৭৫৩০৩ টি স্যানিটারি ল্যাট্রিন, ১২৭৩ টি কমিউনিটি ল্যাট্রিন-পাবলিক টয়লেট এবং ইজতেমা মাঠে মুসুল্লিদের জন্য ৯টি ৩(তিন) তলা টয়লেট বিল্ডিংনির্মাণ করা হয়েছে। কেন্দ্রীয় পানি পরীক্ষাগার এবং ১৩টি আঞ্চলিক পরীক্ষাগারে প্রায় ৭৫৪১৩ টি পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষা করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতিকে টেকসই করা ও এর কার্যকারিতা বৃদ্ধিকরণ এবং অর্থায়ন। সামগ্রিক কাজের মনিটরিংও মূল্যায়ন, তথ্য সংগ্রহ ও সংরক্ষন।

ভবিষ্যৎ পরিকল্পনা

পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকল্পে প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষন, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, দেশের প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ।

২০১৮-১৯অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন- ৬৯৬৬০ টি
- গ্রামীণ এলাকায় পন্ড স্যান্ড ফিল্টার নির্মাণ- ৯৫৬ টি
- গ্রামীণ এলাকায় পুকুর খনন/পুনঃখনন - ৯২০ টি
- পৌর এলাকায় উৎপাদক নলকূপ স্থাপন, প্রতিস্থাপন ও পুনরুজ্জীবিত করণ - ৮৮টি
- পাইপ লাইন স্থাপন –৮৫৪কিঃমিঃ
- পল্লী ও পৌর এলাকায় স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন - ৩০০০০ টি
- পল্লী ও পৌর এলাকায় কমিউনিটি ল্যাট্রিন/ পাবলিক ল্যাট্রিন স্থাপন - ২২৮ টি
- পল্লী এলাকায় ইম্প্রুভড স্যানিটারি ল্যাট্রিন স্থাপন - ৩৭৫০ টি এবং
- পানির গুণগত মান নিশ্চিতকল্পে পানির নমুনা সংগ্রহ ও পরীক্ষা - ৭০০২৪ টি

সেকশন ১

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রূপকল্প(Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision): জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের ব্যবস্থা করা।

১.২ অভিলক্ষ্য (Mission) : সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটি দক্ষতা বৃদ্ধি করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১.পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা করা।
২.পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
৩. পানির গুণগত মান নিশ্চিতকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ প্রধান কার্যাবলি

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;
- শহরাঞ্চলে সিটি কর্পোরেশন/ পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান;সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা ;
- স্থানীয় সরকার , বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান ও
- নিরাপদ খাবার পানি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ এবং পর্যায়ক্রমে দেশের সকল এলাকায় পানি সরবরাহ ব্যবস্থায় ওয়াটার সেফটি প্লান (WSP) বাস্তবায়ন।

সেকশন২

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত অর্জন*		লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপণ(Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র [source(s) of data]
			২০১৬-১৭	২০১৭-১৮*		২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
পল্লী অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি	কভারেজ	শতকরা হার	৯০	৯০	৯২	৯৭	৯৭		JMP Report 2014,2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পৌর অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি	কভারেজ	শতকরা হার	৯৩	৯৩	৯৫	৯৮	৯৮		JMP Report 2014,2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পল্লী অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি	কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ)	শতকরা হার	৯৮(৭৫)	৯৮(৭৫)	৯৮(৭৮)	৯৯(৯০)	৯৯(৯০)		JMP Report 2014,2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পৌর অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি	কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ)	শতকরা হার	৯৯(৭০)	৯৯(৭০)	৯৯(৭৫)	৯৯(৯০)	৯৯(৯০)		JMP Report 2014,2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)